

বিসমিল্লাহির রাহমানির রাহীম

৪নং সরারচর ইউনিয়ন পরিষদ

উপজেলা- বাজিতপুর, জেলা- কিশোরগঞ্জ

ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	: জনাব হাবিবুর রহমান স্বপন চেয়ারম্যান, সরারচর ইউনিয়ন পরিষদ বাজিতপুর, কিশোরগঞ্জ।
তারিখ	: ১৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ
সময়	: বেলা ১১.০০ টা
সভার স্থান	: ইউনিয়ন পরিষদ সভা কক্ষ, সরারচর, বাজিতপুর, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট 'খ' তে উপস্থাপন করা হলো।


সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জানান যে, জুলাই-আগস্ট মাসে প্রতিবছর দেশজুড়ে ভারি বৃষ্টিপাত হয়। বর্ষা মৌসুমে বন্যা, ভারি বর্ষণ, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়সহ নানাবিধ প্রাকৃতিক দুর্যোগ হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি আরো জানান, চলতি বছর প্রবল বৃষ্টিপাতের ফলে দেশের বিভিন্ন জেলায় বন্যার আশংকা দেখা দিয়েছে। বন্যা দেখা দিলে বন্যার পানি এলাকায় প্রবেশ করলে যাতে ক্ষয়ক্ষতির পরিমাণ সীমিত থাকে, সে ব্যাপারে পূর্বেই বিভিন্ন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

অতঃপর চলতি বর্ষা মৌসুমে বন্যা, ভারি বর্ষণ, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়সহ নানাবিধ প্রাকৃতিক দুর্যোগ হওয়ার সম্ভাবনা থাকায় তা মোকাবেলার জন্য করণীয় নির্ধারণে সভাপতি উপস্থিত সকলের মতামত/পরামর্শ আহ্বান করেন।

সভায় বিস্তারিত আলোচনাস্তে চলতি বর্ষা মৌসুমে বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। পূর্ব প্রস্তুতি হিসেবে আশ্রয়কেন্দ্রসমূহ প্রস্তুত রাখতে হবে।
- ২। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের লক্ষ্যে পূর্ব প্রস্তুতি রাখতে হবে।
- ৩। বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস থাকলে মাইকিংয়ের মাধ্যমে জনগণকে পূর্বেই সতর্ক করতে হবে। প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়া মাত্রই জনগণ ও গবাদিপশুকে আশ্রয়কেন্দ্রে নিয়ে আসতে হবে।
- ৪। বন্যা দেখা দিলে পানিবাহিত রোগ প্রতিরোধে পানি ফুটিয়ে পান করতে হবে। পাশাপাশি শুকনো খাবারের ব্যবস্থা রাখতে হবে।
- ৫। বন্যা দেখা দিলে জনগণের মধ্যে বিনামূল্যে পানি বিতরণ ট্যাবলেট বিতরণ করতে হবে।
- ৬। বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে জনগণের জানমালের ক্ষয়ক্ষতি প্রতিরোধে জনপ্রতিনিধিগণকে তৎপর থাকতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



হাবিবুর রহমান স্বপন
চেয়ারম্যান
সরারচর ইউনিয়ন পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্মারক নং- ইউপিসি/সরার/ ৩৭১ -২০২৩

তারিখ : ১৭.০৭.২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৫। জনাব
- ০৬। অফিস কপি/মাস্টার ফাইল।



চেয়ারম্যান

সরারচর ইউনিয়ন পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।